

Official Spokesperson's response to media queries on the two Indian nationals missing in Kenya

October 24, 2022

কেনিয়াতে দুইজন নিখোঁজ ভারতীয় নাগরিকের বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

অক্টোবর 24, 2022

কেনিয়াতে দুইজন নিখোঁজ ভারতীয় নাগরিকের সম্পর্কে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি বলেছেন:

“কেনিয়াতে নিখোঁজ দুইজন ভারতীয় নাগরিক মিস্টার মহম্মদ জায়েদ সামি এবং মিস্টার জুলফিকার আহমেদ খানের হৃদিস খুঁজে বের করার জন্য আমরা নিয়মিত ভাবে কেনিয়ার সরকারের সাথে যোগাযোগ রাখছি।

নাইরোবিতে আমাদের হাই কমিশনার শ্রীমতী নামগায়ে খাম্পা আজ প্রেসিডেন্ট হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত উইলিয়াম সামোয়ি রুতোর সাথে সাক্ষাৎ করে আমাদের গভীর উদ্বেগের কথা জানিয়েছেন এবং এই বিষয়ে তদন্তকে ত্বরান্বিত করার জন্য অনুরোধ জানিয়েছেন।

এই বিষয়ে আমাদের উদ্বেগের কথা জানাবার জন্য 23শে অক্টোবর তারিখে নিউদিল্লি স্থিত কেনিয়ার হাই কমিশনারকে মন্ত্রণালয়ে ডেকে পাঠানো হয়েছিল।

কেনিয়াতে আমাদের হাই কমিশনার এই নিখোঁজ দুই ভারতীয়ের পরিবারবর্গের সাথে যোগাযোগ রেখে চলেছেন এবং তাদের সাহায্য করছেন।

বিষয়টি কেনিয়ান পুলিশের ইন্টারনাল অ্যাফেয়ার্স ইউনিট (আইএইউ)-এর সক্রিয় অদন্তাধীন রয়েছে। আমরা লক্ষ্য করেছি যে এই বিষয়ের সাথে যুক্ত সম্প্রতি লুপ্ত কেনিয়ান পুলিশের স্পেশাল সার্ভিস ইউনিটের আধিকারিক সহ বেশ কিছু ব্যক্তিকে হেফাজতে নেওয়া হয়েছে।

অপহরণকে ঘিরে নির্দিষ্ট পরিস্থিতি এবং উত্তরকালীন তথ্যের অভাব খুবই গোলমলে। আমরা আশা করছি মামলাটি সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে।

এই কেসের গতিপ্রকৃতির উপর মন্ত্রণালয় সমানে নজর রেখে চলেছে”।

নিউ দিল্লি

অক্টোবর 24, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.